

বাজেট অনুবিভাগ-১

বাজেট অনুবিভাগ-১

বাজেট-১ অনুবিভাগ-এর প্রধান কার্যক্রম হল জাতীয় বাজেট প্রণয়ন করে তা যথাসময়ে জাতীয় সংসদে উপস্থাপন এবং বিভিন্ন প্রকার ব্যয় ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা। সরকারের আর্থিক ও অর্থনৈতিক ব্যবস্থাপনা বাজেট অনুবিভাগের প্রধান কাজ। বাজেট প্রক্রিয়ার মাধ্যমে সম্পদ আহরণ এবং তা সুষম বন্টনের মাধ্যমে দারিদ্র বিমোচনসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে এ অনুবিভাগ ভূমিকা পালন করে থাকে। এছাড়া, সরকারের আয় ও ব্যয় পরিস্থিতি পরিবীক্ষণ, বাজেটের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ, বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বন্টনযোগ্য সম্পদের পরিমাণ নির্ধারণ এবং শ্রেণিবিন্যাস কাঠামোর সংরক্ষণ ও আধুনিকায়ন এ অনুবিভাগের গুরুত্বপূর্ণ দায়িত্ব। অধিকন্তু, বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি এবং এ সংক্রান্ত টেকনিক্যাল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান, আর্থিক সংশ্লেষ সম্পন্ন বিল ও অর্থ বিল প্রক্রিয়াকরণ এবং আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সংস্কারের জন্য গৃহীত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন ও তদারকি বাজেট অনুবিভাগ-১ এর কার্যাবলীর অন্তর্ভুক্ত। ২০১৬-১৭ অর্থবছরে বাজেট অনুবিভাগ-১ এর গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ডের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ড

- ❖ ২০১৬-১৭ অর্থবছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বরাদ্দের সংশোধিত কর্তৃত্ব গত ২৩ মার্চ ২০১৭ খ্রিঃ তারিখে জারি করা হয়েছে।
- ❖ ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত এবং ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রণয়নপূর্বক নির্ধারিত সময়সূচি অনুযায়ী মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে।
- ❖ ২০১৭-১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের সাথে নিম্নে বর্ণিত ৪টি গুরুত্বপূর্ণ প্রকাশনা মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছেঃ
 - (১) বিকশিত শিশুঃ সমৃদ্ধ বাংলাদেশ, শিশু বাজেট ২০১৭-১৮
 - (২) জলবায়ু সুরক্ষা ও উন্নয়নের লক্ষ্যেঃ বাজেট প্রতিবেদন ২০১৭-১৮
 - (৩) জেন্ডার বাজেট প্রতিবেদন
 - (৪) ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রাঃ হালচিত্র ২০১৭
- ❖ ২০১৭-১৮ অর্থবছরের মন্ত্রণালয়ভিত্তিক বাজেট বই প্রকাশ করা হয়েছে যাতে নিম্নে বর্ণিত বিষয়সমূহ সন্নিবেশ করা হয়েছেঃ
 - ১। মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো (MBF)
 - ২। সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)
 - ৩। মঞ্জুরী ও বরাদ্দের দাবীসমূহ (অনুন্নয়ন ও উন্নয়ন)
 - ৪। বিস্তারিত বরাদ্দ (অনুন্নয়ন)
 - ৫। মঞ্জুরী ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন)
- ❖ ২০১৬-১৭ অর্থবছরে নিম্নোক্ত বাজেট প্রকাশনাসমূহের ইংরেজি সংস্করণ প্রকাশ করা হয়েছেঃ
 - Budget Speech
 - Budget in Brief
 - Annual Financial Statement
 - Blooming Children: Prosperous Bangladesh: Child Focused Budget 2017-18
 - Gender Budget Report
 - Consolidated Fund Receipts

- Demands for Grants and Appropriations (Non-Development and Development);
- Medium Term Budget Framework
- Climate Protection and Development: Budget Report 2017-18

- ▶ ২০১৬-১৭ অর্থবছরে অনুন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মোট ৭৮টি উন্নয়ন কর্মসূচি অনুমোদন ও অর্থায়নের ব্যবস্থা করা হয়েছে।
- ▶ ২০১৬-১৭ অর্থবছরে মৃত সরকারি কর্মকর্তা/কর্মচারি কর্তৃক গৃহীত সরকারি ঋণ ও সুদ মওকুফের মোট ৬৩টি প্রস্তাব নিষ্পত্তি করা হয়েছে।
- ▶ সরকারি আর্থিক ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রমকে অব্যাহত রাখতে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ Public Financial Management Reform Strategy, 2016-2021 প্রণয়ন করা হয়েছে।
- ▶ অর্থ বিভাগের ওয়েবসাইট হালনাগাদ করে চলতি অর্থবছরের বাজেট, বিভিন্ন আর্থিক বিধি, আর্থিক ব্যবস্থাপনায় চলমান সংস্কার কর্মসূচি সম্পর্কে তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে।